# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 26-10-2025** **Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় স্তোত্র বন্দেমাতরামের দেড়শো বছর উপলক্ষে বিশেষ উদযাপনের কথা ঘোষণা করেছেন। আকাশবাণীতে ১২৭ তম মন কি বাতে ম্যানগ্রোভ সংরক্ষণের প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেছেন তিনি।

২) ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী এসআইআর নিয়ে আলোচনার মধ্যে আগামীকাল নতুন দিল্লীর বিজ্ঞানভবনে সাংবাদিক বৈঠক ডেকেছে জাতীয় নির্বাচন কমিশন।

৩) আসানসোলের চিটফান্ড কেলেঙ্কারির মূল চক্রী তাহাসিন আহমেদের ১০ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

৪) দক্ষিণ পূর্ব বঙ্গোপসাগরে অতি গভীর নিম্নচাপের প্রেক্ষিতে আগামী দুদিন এরাজ্যের উপকূলবর্তী জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

৫) ইডেনে রঞ্জি ট্রফি ম্যাচে দ্বিতীয় দিনের শেষে বাংলা গুজরাটের থেকে প্রথম ইনিংসে ১৭২ রানে এগিয়ে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় স্তোত্র বন্দেমাতরামের দেড়শো বছর উপলক্ষে বিশেষ উদযাপনের কথা ঘোষণা করেছেন। এদিন আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, বন্দেমাতরম যেমন প্রতিটি ভারতবাসীর মনে আলোড়ন তোলে, তেমনই ১৪০ কোটি জনগণকে ঐক্যবদ্ধ করে রাখে। দেশের মানুষকে #VandeMatram150-র মাধ্যমে তাদের মতামত পাঠানোরও আহ্বান জানিয়েছেন শ্রী মোদী।

বাইট বন্দেমাতরাম

সর্দার বল্লভভাই প্যাটেলের সার্ধশত জন্মবার্ষিকী উদযাপন এবং এক পেড় মা কে নামের মত উদ্যোগের কথাও জানিয়েছেন তিনি।

এদিনের ১২৭ তম মন কি বাতে প্রধানমন্ত্রী ম্যানগ্রোভের গুরুত্বের কথাও তুলে ধরেছেন। তিনি বলেন, নোনা জল ও স্যাঁতস্যাঁতে এলাকায় গড়ে ওঠা এই ধরণের গাছ, সামুদ্রিক বাস্তুতন্ত্র বজায় রাখার জন্য এক উল্লেখযোগ্য ভূমিকা পালন করে।

বাইট ম্যানগ্রোভ

শ্রী মোদী সম্প্রতি দেশবাসীর উদ্দেশ লেখা চিঠিতে ভোজ্য তেলের ব্যবহার ১০ শতাংশ কম করার সকলের প্রতি যে আবেদন জানিয়েছিলেন, তাতে ব্যাপক সাড়া মিলেছে বলে উল্লেখ করেছেন।

প্রধানমন্ত্রী বলেন, সারা দেশ এখন উৎসবের আনন্দে মেতে রয়েছে। ছট মহাপর্ব, সংস্কৃতি প্রকৃতি ও সমাজের গভীর একাত্মবোধের প্রতিফলন বলেও এদিন জানিয়েছেন তিনি।

বাইট ছট

GST বাচত উৎসব'ও এরপর স্থান পায় প্রধানমন্ত্রীর ভাষণে। তিনি বলেন, GST হারে সাম্প্রতিক যে সংশোধন করা হয়েছে, তা' নিয়ে জনগণের মধ্যে তুমুল উৎসাহ লক্ষ্য করা যাচ্ছে। আর এই উৎসবের মরসুমেও সেই উৎসাহের প্রতিফলন দেখা গেছে।

বাইট-GST

---------------------

এদিন, বিজেপির দলীয় কার্যালয়ে মুরলীধর সেন লেনে দলের নেতাকর্মীদের সঙ্গে মন কি বাত শোনেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এক্স হ্যান্ডেলের এক বার্তায় তিনি বলেন, দেশ গঠনের লক্ষ্যে মাইলফলক থেকে শুরু করে যুব ক্ষমতায়ন নারী নেতৃত্বাধীন উন্নয়ন এবং বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গী মন কি বাতে তুলে ধরা হয়েছে।

কেন্দ্রীয় প্রতি মন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার বেহালায় দলীয় কার্যালয়ে মন কি বাত শোনেন। বন্দেমাতরামের ১৫০ তম বার্ষিকী উপলক্ষে বিজেপি আগামী ৭ ই নভেম্বর রাজ্যে শোভাযাত্রা বের করবে জানিয়েছেন তিনি। ১৫ ই নভেম্বর আদিবাসী গৌরব দিবস উদযাপন করা হবে বলেও জানান সুকান্ত বাবু।

---------------------

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী এসআইআর নিয়ে আলোচনার মধ্যে আগামীকাল নতুন দিল্লীর বিজ্ঞানভবনে সাংবাদিক বৈঠক ডেকেছে জাতীয় নির্বাচন কমিশন। সাংবাদিক সম্মেলনের বিষয়বস্তু স্পষ্ট না হলেও এরাজ্যে এসআইআর শুরুর ঘোষণা হতে পারে বলে মনে করছেন অনেকেই।

উল্লেখ্য ইতোমধ্যেই বিহার এসআইআর প্রক্রিয়া শেষ করে নির্বাচনী নির্ঘন্ট ঘোষণা করেছে কমিশন।

---------------------

রাজ্যের বুথ লেভেল অফিসার BLO দের নির্ভয়ে কাজ করার অনুরোধ জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আজ সন্ধ্যায় ভবানিপুরে এক সভায় তিনি বলেন, বিজেপি এই আসনে তৃণমূল কংগ্রেসের থেকে অনেক এগিয়ে রয়েছে।

বাইট

রাজ্যের মুখ্যমন্ত্রী প্রশাসনের সব ক্ষেত্রেই ব্যর্থ্য বলে বিরোধী দলনেতা এদিন মন্তব্য করেন।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেন, ভোটে যাতে কোনরকম কারচুপি না হতে পারে সে ব্যাপারে কংগ্রেস কর্মীদের পূর্ণমাত্রায় সচেষ্ট থাকতে হবে। পাশাপাশি দলের সাংগঠনিক শক্তি বৃদ্ধির উপরেও জোর দেন শুভঙ্কর বাবু।

হাওড়া দক্ষিণ কিষান কংগ্রেসের ডাকে ভোটাধিকার সম্মেলনে আজ শুভঙ্কর বাবু বৈধ ভোটারের নাম যাতে বাদ না যায় সেজন্য দলের বুথ লেভেল এজেন্ট দের তৎপর থাকার নির্দেশ দেন।

---------------------

মালদার ইংরেজবাজার থানার পুলিশ আজ ১২ নম্বর জাতীয় সড়ক সংলগ্ন সুস্তানি মোড় থেকে দুই বাংলাদেশীকে গ্রেপ্তার করেছে। মহম্মদ রাসেল মিঞাঁ এবং মহম্মদ রিফাত নামে বাংলাদেশের নারায়ণগঞ্জ এবং রংপুর জেলার বাসিন্দা। কি উদ্দেশে তারা ভারতে প্রবেশ করেছিল, তা তদন্ত করে দেখা হচ্ছে।

---------------------

আসানসোলে চিটফান্ড কেলেঙ্কারির মূল চক্রী তাহসিন আহমেদকে আদালত দশ দিনের পুলিশ হেফাজত দিয়েছে। তাঁকে আজ আসানসোল আদালতে তোলা হয়। ১৯ নং জাতীয় সড়ক সংলগ্ন আসানসোল উত্তর থানা এলাকার চন্দ্রচূড় মন্দির মোড়ের কাছ থেকে পুলিশ গতরাতে তাকে গ্রেপ্তার করে ।

উল্লেখ্য, তৃণমূল কংগ্রেসের সংখ্যালঘু সেলের নেতা শাকিল আহমেদের ছেলে তাহসিন আহমেদ চিটফান্ডের কায়দায় ট্রেডিং সংস্থা খুলে তিন হাজার বিনিয়োগকারীর কাছ থেকে প্রায় সাড়ে তিনশো কোটি টাকা হাতিয়ে নেয় বলে অভিযোগ। টাকা ফেরতের দাবিতে তার আসানসোল রেল পাড় এলাকায় বাড়ির সামনে বিক্ষোভ দেখায় বহু আমানতকারী।

---------------------

মদ্যপানের আসরে খুনের ঘটনায় চেতলা থানার ওসি-র পদে বদল করা হয়েছে। সুখেন্দু মুখোপাধ্যায় এর জায়গায় এই পদে আনা হয়েছে অমিতাভ সরখেলকে। তিনি এত দিন আলিপুর থানার অতিরিক্ত ওসি হিসাবে নিযুক্ত ছিলেন। আজ কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা ঘটনাস্থলে যান। আগেই জানানো হয়েছে যে গত রাত সাড়ে ১১টা নাগাদ চেতলার ১৭ নম্বর বাসস্ট্যান্ডের কাছে কয়েকজন মদ্যপান করার সময় কোন বিষয়ে তাঁদের মধ্যে বচসা বাধে। সেই বচসা গড়ায় হাতাহাতিতে। অভিযোগ, অশান্তির মাঝে অশোক পাসোয়ান নামে এক ব্যক্তিকে গলায় শাবল দিয়ে আঘাত করা হয়। গুরুতর আহত অবস্থায় তাকে এসএসকেএম হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা মৃত ঘোষণা করেন। এই ঘটনায় পুলিশ এখনো পর্যন্ত দু জনকে গ্রেফতার করেছে।

---------------------

দক্ষিণ ২৪ পরগনার সোনারপুরের মেগাসিটি এলাকায় কেন্দ্রীয় শুল্ক দফতরের এক আধিকারিকের ফ্ল্যাটে ঢুকে তাঁকে বেধড়ক মারধরের অভিযোগ উঠেছে এক অটোচালক ও তাঁর সঙ্গীদের বিরুদ্ধে। শুক্রবার রাতে অফিস থেকে বাড়ি ফেরার পথে প্রদীপ কুমার নামে কেন্দ্রীয় শুল্ক আধিকারিক ওই ব্যক্তির সঙ্গে স্থানীয় এক অটোচালকের বচসা হয়। পরে অটোচালক দলবল নিয়ে আবাসনের মধ্যে ঢুকে প্রদীপ কুমারকে বেধড়ক মারধোর করে বলে অভিযোগ। মারধোর করা হয় তাঁর স্ত্রী এবং নাবালক পুত্রকেও। এই ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত আজিজুল গাজি সহ ৪ জনকে গ্রেফতার করলেও তাঁদের জামিন মঞ্জুর করেছে বারুইপুর আদালত। এদিন জখম ওই শুল্ক আধিকারিকের শারীরিক পরিস্থিতির খোঁজ নেন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

---------------------

চারদিন ব্যাপী ছট পুজোর আজ দ্বিতীয় দিন। কার্তিক মাসের শুক্ল পক্ষে সূর্য দেবের আরাধানার মধ্য দিয়ে ছট পুজো উদযাপন করা হয়। দ্বিতীয় দিনে আজ ‘খারনা’ পালিত হচ্ছে। সন্ধ্যায় প্রসাদ গ্রহণের পর শুরু হবে ৩৬ ঘন্টার নিরম্বু উপবাস।

‘নাহায় খায়’ রীতির মধ্য দিয়ে গতকাল এই উৎসবের সূচনা হয়েছে। এই উপলক্ষে গঙ্গা সহ শহরের বিভিন্ন নদ নদী ও জলাশয়ের ঘাটগুলিতে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি–KMDA, কলকাতায় স্থায়ী অস্থায়ী মিলিয়ে ৩৯ টি জলাশয়ে ঘাটের ব্যবস্থা করেছে। কলকাতার দই ঘাট, তক্তা ঘাট, বাবুঘাট, বাজে কদমতলা সহ বিভিন্ন ঘাটে কলকাতা পুরসভার তরফ থেকে পুণ্যার্থীদের সুবিধায় যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস ছট পুজো উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি বলেন, এই উৎসব দেশের সংস্কৃতি ও ঐতিহ্যকে সমৃদ্ধ করেছে।

---------------------

দক্ষিণপূর্ব বঙ্গোপসাগরে অতি গভীর নিম্নচাপের প্রেক্ষিতে আজ ও আগামীকাল দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। মঙ্গলবার ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুর জেলায়। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন যে ২৯ তারিখ থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে।

বাইট

এদিকে, আজ দুপুরের পরে কলকাতা ও তার আশপাশের এলাকায় হালকা থেকে মাঝারি বৃষ্টি হয়। মৎস্যজীবিদের মঙ্গলবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত পশ্চিমবঙ্গের উপকূলীয় এলাকায় যেতে নিষেধ করা হয়েছে।

---------------------

ইডেনে চারদিনের রনজি ট্রফির ম্যাচে দ্বিতীয় দিনের শেষে বাংলা প্রথম ইনিংসে গুজরাটের থেকে ১৭২ রানে এগিয়ে রয়েছে। আজ সকালে বাংলার প্রথম ইনিংস ২৭৯ রানে শেষ হয়ে যায়।

--------------------- ---------------------